



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ওয়েবসাইট: www.novotheatre.gov.bd



শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

নং- ৩৯.০৫.০০০০.০০১.০৬.১১৭.২০-২০৭

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮
০৬ জুন ২০২১


সভার নোটিস

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার পরিচালনা বোর্ডের ৩৭তম সভা বোর্ড সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাপতিত্বে আগামী ১৩ জুন ২০২১, রবিবার সকাল ১১.৩০ টার পরিবর্তে দুপুর ১২টায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং ৯০৩, ভবন নং ৬, ১০ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে। সচিবালয়ে অবস্থানরত মনোনীত সদস্যগণ সরাসরি এবং অন্যান্য সদস্যগণ ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভায় যোগদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ভিডিও কনফারেন্সে অংশগ্রহণের জন্য নাম, পদবী ও দপ্তরের নাম (সংক্ষিপ্ত) দিয়ে লগইন করতে হবে। **ভিডিও কনফারেন্সের মাধ্যমে (Zoom ID 688-688-1765 পাসওয়ার্ড প্রয়োজন হবে না)।**

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

- (১) ৩৬তম সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ
- (২) বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
- (৩) বিবিধ


২০/০৬/২০২১

(মোঃ আব্দুর রাজ্জাক)

সদস্য-সচিব

পরিচালনা বোর্ড ও

মহাপরিচালক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জনাব মোঃ তৌহিদ হাসানাত খান, অতিরিক্ত সচিব (বিপ্র)/ উইং প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ড. মোঃ খায়রুজ্জামান মজুমদার, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ধানমন্ডি, ঢাকা।
৮. অধ্যাপক ড. সুলতানা শফি, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. অধ্যাপক ড. সুরত কুমার আদিত্য, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. অধ্যাপক ড. কাজী আজিজুল মাওলা, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. অধ্যাপক ড. মুহম্মদ আনিসুজ্জামান তালুকদার, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সহকারী প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভিডিও কনফারেন্সের বিষয়ে কারিগরি সহায়তার অনুরোধ করা হলো)।
- ৪। ভিডিও ক্যামেরাম্যান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।




“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ওয়েবসাইট: www.novothatre.gov.bd



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের পরিচালনা বোর্ডের ৩৭ তম সভার কার্যপত্র :

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

তারিখ : ১৩ জুন ২০২১, রবিবার

সময় : দুপুর ১২ টা

স্থান : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ

আলোচ্য বিষয়-১: ৩৬তম সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।

আলোচ্য বিষয়-২: বিগত ৩৬তম সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত।

বিগত ৩৬তম সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
<p>২.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম যন্ত্রপাতি মেইন্টেনেন্স করার লক্ষ্যে নভোথিয়েটারের নিজস্ব জনবল দিয়ে একটি সেল গঠনের জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ার পদটির স্কেল ভেটিং সম্পন্ন করতে হবে।</p>	<p>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম যন্ত্রপাতি মেইন্টেনেন্স করার লক্ষ্যে নভোথিয়েটারের নিজস্ব জনবল দিয়ে একটি সেল গঠনের জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ার পদটির স্কেল ভেটিং সম্পন্ন হয়েছে।</p>
<p>৩.১: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>৩.২: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপন" শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ রেখে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৩.৩: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে।</p> <p>৩.৪: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, খুলনা স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে।</p> <p>৩.৫: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, চট্টগ্রাম স্থাপন" শীর্ষক প্রকল্পের জন্য অর্থ বিভাগে প্রেরিত জনবলের প্রস্তাব অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে।</p>	<p>আলোচ্য বিষয়-৩ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।</p>

বিগত ৩৬তম সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
<p>৩.৬: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, সিলেট স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর প্রকল্প যাচাই কমিটির সভা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে।</p> <p>৩.৭: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, ময়মনসিংহ স্থাপন" শীর্ষক প্রকল্পের জমির লে-আউট পাওয়ার পর নভোথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে।</p>	
<p>৪.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্লানেটেরিয়ামের খুচরা যন্ত্রাংশগুলো আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্লানেটেরিয়ামের খুচরা যন্ত্রাংশগুলো সংগ্রহ জরুরি বিধায় নভোথিয়েটারের পূর্ববর্তী অর্থবছরসমূহের উদ্ধৃত্ত আয় হতে উক্ত খুচরা যন্ত্রাংশগুলো ক্রয়ের জন্য ১ কোটি ৪৫ লক্ষ টাকা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্লানেটেরিয়ামের খুচরা যন্ত্রাংশগুলো আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক ক্রয় করা হয়েছে। এ খাতে মোট ব্যয় হয়েছে প্রায় ১ কোটি ২৫ লক্ষ টাকা।</p>
<p>৫.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের জন্য ডিজিটাল ফিল্ম ক্রয়ের নিমিত্ত আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক সংস্থা প্রধান কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের জন্য মন্ত্রণালয় কর্তৃক ০৯/০৪/২০১৮ তারিখে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) বাতিল এবং ডিজিটাল ফিল্ম ক্রয় প্রস্তাব বাতিল করা হয়েছে। আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক সংস্থা প্রধান কর্তৃক কমিটি পুনর্গঠন করা হয়েছে। নভোথিয়েটার কারিগরি বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী বিনির্দেশ (Specification) সংশোধন করে সরাসরি ক্রয় পদ্ধতিতে Goto Inc. Japan এর নিকট দর প্রস্তাব চাওয়া হয় এবং ০৬/০৬/২০২১ তারিখে উক্ত প্রস্তাবের উপর নিগোসিয়েশন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রস্তাবিত দর ৫২ লক্ষ জাপানী ইয়েনে নিগোসিয়েশন মূল্য.....লক্ষ জাপানী ইয়েনে।</p>
<p>৬.১: নভোথিয়েটারে স্থাপিত "বঙ্গবন্ধু কর্ণার" বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে স্থাপিত "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপন করা হয়েছে। মাননীয় মন্ত্রী বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় "বঙ্গবন্ধু কর্ণার" পরিদর্শন করেছেন। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় মাননীয় মন্ত্রী মহোদয়কে দিয়ে সুবিধাজনক সময়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>

বিগত ৩৬তম সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
৭.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ত্রুটিযুক্ত ১২টি এক্সিবিটস আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ত্রুটিযুক্ত ১২টি এক্সিবিটস আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ৫ডি মুভি থিয়েটারের প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য এক্সিবিটস গুলো মেরামতের জন্য ইজিপি সিস্টেমে উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছিল। রেসপনসিভ দরদাতা পাওয়া যায়নি বিধায় পরবর্তী ব্যবস্থা নেওয়া হচ্ছে।
৮.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ৫ডি এডুটেন্টমেন্ট সিমুলেটর অকেজো হওয়ায় কক্ষটি রিনোভেশনসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করে উক্ত স্থানে VR কর্ণার স্থাপন করতে হবে।	প্রস্তাবিত VR যন্ত্রপাতির বাজারমূল্য বেশী হওয়ায় কোভিড-১৯ পরিস্থিতিতে VR কর্ণার স্থাপন সম্ভব হয়নি।
৯.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আধুনিকায়নের জন্য ডিপিপিতে নির্মাণ ও পূর্ত কাজের সাথে নভোথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে প্রণীত ডিজিটাল ও সাইন্টিফিক এক্সিবিটস এর তালিকা এবং যুগোপযোগী প্লানেটারিয়াম যন্ত্রপাতি অন্তর্ভুক্ত করার জন্য মহাপরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য করবেন।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আধুনিকায়নের জন্য ডিপিপিতে অন্তর্ভুক্তির জন্য নির্মাণ ও পূর্ত কাজের scope of work চিহ্নিত করে খসড়া প্রাক্কলন তৈরী করা হয়েছে। যন্ত্রপাতির তালিকা এবং স্পেসিফিকেশন তৈরীর কাজ চলছে।

আলোচ্য বিষয়-৩: বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন কার্যক্রমের অগ্রগতি।

আলোচনা:

ক) রাজশাহী বিভাগ: রাজশাহী বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" শীর্ষক প্রকল্পটির ভেত অকাকাঠামো নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধানে ৭০% কাজ সম্পন্ন হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান এ্যাকমি ট্রেডার্সের সাথে সম্পাদিত মূলচুক্তি modification/variation এর মাধ্যমে ১১১ জনমাস মেয়াদে ৬,১১,০০,০০০/- (ছয় কোটি এগার লক্ষ) টাকায় মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে গত ১১/০৫/২০২১ তারিখে সংশোধন করা হয়েছে। ডিপিপির কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

(খ) বরিশাল বিভাগ: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপনের লক্ষ্যে গত ০৭ জানুয়ারি ২০২০ তারিখ ডিপিপি একনেক সভায় অনুমোদিত হয়েছে এবং গত ০৮ জুন ২০২০ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। ০৪ অক্টোবর ২০২০ তারিখে নভোথিয়েটারের মহাপরিচালককে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। গত ১৮/০৫/২০২১ তারিখে জেলা প্রশাসক বরিশাল হতে প্রকল্পের জন্য ১০(দশ) একর জমি হস্তান্তর করা হয়েছে। জমিতে বিদ্যমান স্থাপনা অপসারণ এবং সয়েল টেষ্ট পূর্বক অন্যান্য কার্যক্রম শুরুর জন্য গণপূর্ত অধিদপ্তর কে পত্র দেওয়া হয়েছে। বিশেষ কয়েকটি কারনে ডিপিপি সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে।

(গ) **রংপুর বিভাগ:** "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে ১১ জানুয়ারি ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। উক্ত ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করা হচ্ছে।

(ঘ) **খুলনা বিভাগ:** খুলনায় নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপির ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি সংশোধন করে ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশন হতে প্রকল্পের ব্যয় যুক্তিযুক্তকরণ কমিটির সুপারিশ অপেক্ষা প্রাক্কলিত মূল্য বেশি হওয়ার ব্যাখ্যা চাওয়া হয়েছে এবং ইতোমধ্যে ব্যাখ্যা প্রদান করা হয়েছে।

(ঙ) **চট্টগ্রাম বিভাগ:** চট্টগ্রাম বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে প্রণয়নকৃত ডিপিপির উপর বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৩ জানুয়ারি ২০২১ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয় হতে প্রকল্পের জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। জনবলের প্রস্তাব অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ করা হচ্ছে।

(চ) **সিলেট বিভাগ:** ০৪/০৫/২০২১ সিলেট নভোথিয়েটার স্থাপন প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রস্তাবিত জমিতে অন্য সংস্থার স্থাপনা নির্মাণ পরিকল্পনা থাকায় বিকল্প প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসক সিলেটকে পত্র দেওয়া হয়েছে। জমির প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(ছ) **ময়মনসিংহ:** ময়মনসিংহ বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে স্থান নির্ধারণের বিষয়ে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক, ময়মনসিংহের সাথে মহাপরিচালকের আলোচনা হয়েছে। ময়মনসিংহ বিভাগীয় অফিস স্থাপন ও অন্যান্য স্থাপনার জন্য প্রস্তাবিত জায়গার মধ্যে নভোথিয়েটারের জন্য ১১.৮৭ একর জমির সংস্থান আছে। তবে, জমির লে-আউট তৈরি হওয়ার পর নভোথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

আলোচ্য বিষয়-৪: বিবিধ

